গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : ফাহমি মো. সায়েফ
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ১৮/০১/২০২১ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হয়েছে)

সভায় শুরুতে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় এ উপজেলায় আইসিটি কার্যক্রমের বিকাশ ও উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকার কর্তৃক নির্দেশিত বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়।

০২. ই-নথি সংক্রান্ত আলোচনা :

সভায় সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান, রাজবাড়ী সদর উপজেলায় ৭ টি দপ্তরে ই-নথি সিস্টেম লাইভে সংযুক্ত আছে। এছাড়া অন্যান্য দপ্তরগুলোর নথি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এটুআই থেকে জানা যায় তাদের নথি সিস্টেমের সার্ভারগুলো স্থানান্তরের কাজ চলমান আছে বিধায় নথিতে কাজ করতে সমস্যা হচ্ছে। এছাড়া নথি প্রশিক্ষণ প্রাপ্ত অফিসগুলো লাইভে আনার কার্যক্রম বন্ধ আছে।

সিদ্ধান্ত : এটুআই এর সাথে যোগাযোগ করে ই-নথি প্রশিক্ষণ প্রাপ্ত অফিসেগুলো লাইভে আনতে হবে এবংই-নথির কার্যক্রম চালু রাখতে হবে।

০৩. ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা :

সভায় সকল সরকারি দপ্তরের ওয়েব পোর্টালের আলাদা ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রদান করা হয়েছে এবং প্রত্যেক দপ্তরের ওয়েব পোর্টালের উপর প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

সিদ্ধান্ত : সংশ্লিষ্ট দপ্তরকে নিজ নিজ ওয়েব পোর্টাল হালনাগাদ রাখতে হবে। হালনাগাদের কাজে কোন সমস্যা হলে সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ী এর সহায়তা নিয়ে হালনাগাদ সম্পন্ন করতে হবে।

০৪. অনলাইন ক্লাস সংক্রান্ত আলোচনা :

সভায় একাডেমিক সুপারভাইজার জানান মাধ্যমিক বিদ্যালয়গুলোতে অনলাইন ক্লাস চলমান আছে এবং প্রতি সপ্তাহে একটি স্কুল ৮টি ক্লাস অনলাইনে নিচ্ছে এবং সিস্টেমে আপলোড করছে।

সিদ্ধান্ত : অনলাইন ক্লাস চালু রাখতে হবে এবং সিস্টেমে নিয়মিত আপলোড দিতে হবে।

০৫. শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত আলোচনা :

শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত আলোচনা অনুষ্ঠিত হয়। শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো শিক্ষা মন্ত্রণালয়ের ল্যাব পরিচালনা নীতিমালা অনুযায়ী পরিচালনা করতে হবে। সহকারী প্রোগ্রামার কর্তৃক ৫৬.০৪.৮২৭৬.০০১.৯৯.০০২.২১-১ নং স্মারকে দাখিলকৃত শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন প্রতিবেদন হতে দেখা যায় বাবুপুর কছিমউদ্দিন বিদ্যাপীঠ এর ল্যাবের ১টি ল্যাপটপ ল্যাবে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক বাসায় ব্যবহার করেন। যা ল্যাব ব্যবহার নীতিমালা পরিপন্থী। ল্যাবের ল্যাপটপ ল্যাবে রেখে ব্যবহার করতে হবে। এছাড়া শ্রীপুর লজ্জাতুনেনেছা কামিল মাদ্রাসা এবং বীর মুক্তিযোদ্ধা মর্জি দেলোয়ারা কলেজে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনের সময় আইসিটি শিক্ষক উপস্থিত ছিলেন না। যা পরিদর্শনে অসহযোগীতা বলে বিবেচিত হয়।

সিদ্ধান্ত : শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর ল্যাপটপ কেন বাসায় ব্যবহৃত হচ্ছে এই মর্মে ব্যাখ্যা চেয়ে সংশ্লিষ্ট প্রধান শিক্ষককে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও পরিদর্শনকালে আইসিটি শিক্ষক উপস্থিত থাকার বিষয়ে নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল প্রধান শিক্ষককে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৬. ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর কার্যক্রম নিয়ে আলোচনা :

সভায় ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থাপিত প্রতিবেদন হতে দেখা যায় ডিসেম্বর/২০২০ মাসে রাজবাড়ী সদর উপজেলার ডিজিটাল সেন্টারে মোট ২,১৫,৯২৪/- (দুই লক্ষ পনের হাজার নয়শত চব্বিশ) টাকা আয় হয়েছে এবং ৫,১৯৩ জনকে বিভিন্ন প্রকার সেবা প্রদান করা হয়েছে। সভায় ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রমের গতিশীলতা যাতে বজায় থাকে এবং জনগণ যাতে সেবা পেতে ভোগান্তির শিকার না হয় সে ব্যাপারে পদক্ষেপ গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত : ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আয়ের প্রতিবেদন থেকে দেখা যায় প্রত্যেক ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আয় কম। প্রত্যেক ডিজিটাল সেন্টারকে আয় বৃদ্ধি করতে হবে এবং শহরের নাগরিকগণ যে সকল সেবা পায় গ্রামের নাগরিকগণদেরও সেসব সেবা ইউডিসির মাধ্যমে নিশ্চিত করতে হবে।

বিবিধ :

০১। সরকারী দপ্তরের যে সকল অফিসে কর্মচারী আইসিটি ব্যবহারে দক্ষ নন তাদেরকে শেখ রাসেল ডিজিটাল ল্যাবে আইসিটি প্রশিক্ষণ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়। এ ব্যাপারে সহকারী প্রোগ্রামার, রাজবাড়ী সদর, রাজবাড়ী এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়।

০২। সরকারি অফিসগুলোতে ইনফো-সরকার-২ প্রকল্প এর মাধ্যমে স্থাপিত ইন্টারনেট কানেকটিভিটি নিয়ে আলোচনা হয়। যে সকল অফিসে ইনফো সরকার-২ এর মাধ্যমে ইন্টারনেট সংযোগ পাচ্ছে না সে সকল অফিসের সমস্যা চিহ্নিত করে তালিকা (বিসিসি) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলকে পত্র প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ফাহমি মো. সায়েফ)
পরিচিতি নং- ১৭৩৩৩
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটির।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০১০.১৩.২০২০- ৩৬ (২০) তারিখ : ১৮/০১/২০২১ খ্রিঃ।

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। জেলা প্রশাসক, রাজবাড়ী।

০২। উপ-পরিচালক (প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০৩। ..........................................................................

..........................................................................

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটির।